দৈনিক বাংলা

তারিখ 07 DEC 1985
পৃষ্ঠা ... কলাম ...






# আজ ঐতিহাসিক

।। মাহবুবুল হক।।

ঢাকায় আজ ঐতিহাসিক সার্ক শীর্ষ সম্মেলন শুরু হচ্ছে। আগামীকাল আনুষ্ঠানিকভাবে সনদ গ্রহণ ও যুক্ত ঘোষণার মধ্য দিয়ে শুরু হবে দক্ষিণ এশিয়ার সাতটি দেশ—বাংলাদেশ, ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলংকার আঞ্চলিক সহযোগিতার যুগান্তকারী অভিযাত্রা। দীর্ঘ পাঁচ বছরের ব্যাপক কূটনৈতিক তৎপরতার পর অভিন্ন ইতিহাস ও ঐতিহ্য এবং অর্থনৈতিক অবস্থার অংশীদার বিশ্বজনসংখ্যার এক-পঞ্চমাংশ—দক্ষিণ এশিয়ার ১০০ কোটি মানুষ সূচনা করতে যাচ্ছে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে যৌথ উন্নয়নের এক নতুন অধ্যায়।

শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভুটানের রাজা জিগমে সিংগে ওয়াংচুক, ভারতের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী, মালদ্বীপের প্রেসিডেন্ট মামুন আবদুল গাইউম, নেপালের রাজা বীরেন্দ্র বীর বিক্রম শাহদেব, পাকিস্তানের প্রেসিডেন্ট জিয়াউল হক গতকাল ঢাকা এসে পৌঁছেছেন। শ্রীলংকার প্রেসিডেন্ট জুনিয়াস রিচার্ড জয়বর্ধন এসেছেন গত বৃহস্পতিবার।

প্রেসিডেন্ট এইচ এম এরশাদ স্থাপত্যশৈলীর বিরল নিদর্শন—শেরে বাংলা নগরের সুরম্য জাতীয় সংসদ ভবনে আজ সকাল সাড়ে দশটায় শীর্ষ সম্মেলনে উদ্বোধনী ভাষণ দেবেন। বাকী ছয়জন শীর্ষ নেতা পাঠ করবেন তাঁদের বিবৃতি। উদ্বোধনী অধিবেশন শুরু হবে চারটি ধর্ম গ্রন্থ—পবিত্র কোরান, গীতা, বাইবেল ও

দৈনিক বাংলা

তারিখ 07 DEC 1985
পৃষ্ঠা ... কলাম ...





FIRST SARC SUMMIT
DHAKA 1985

# সার্ক শীর্ষ সম্মেলন

ত্রিপিটক পাঠের মধ্য দিয়ে।

শান্তি, সমঝোতা ও সহানুভূতির চেতনা নিয়ে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতার আনুষ্ঠানিক শুরুর জন্যে দুইজন রাজা, চারজন প্রেসিডেন্ট ও একজন প্রধানমন্ত্রীর ঢাকা উপস্থিতি এই অঞ্চলে ইতিবাচক কূটনৈতিক তৎপরতার একটি বিরাট সাফল্য। কোন কোন ক্ষেত্রে দ্বিপক্ষীয় সমস্যা থাকা সত্ত্বেও সহযোগিতার দ্বার উন্মোচনের উদ্দেশে রাষ্ট্র ও সরকার প্রধানদের একত্রিত হবার সুযোগ ভবিষ্যতে সকল সমস্যার সমাধান সহজতর করবে বলে আশা করা যায়।

ইতিমধ্যে গত বুধবার ঢাকায় অনুষ্ঠিত সার্ক দেশগুলির পররাষ্ট্র সচিবদের স্ট্যান্ডিং কমিটির বৈঠক এবং বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রিদের বৈঠকে এই অঞ্চলে প্রথম বারের মত এই সুযোগ সৃষ্টির জন্যে বাংলাদেশের প্রতি অকৃপণ অভিনন্দন জানানো হয়েছে। উল্লেখ্য, সাতটি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানের শীর্ষ বৈঠকের জন্যে বাংলাদেশের প্রস্তাব বাস্তবে রূপায়িত করার লক্ষ্যে প্রেসিডেন্ট এরশাদ সক্রিয় উদ্যোগ নেন।



সাত দেশের পতাকা শোভিত সংসদ ভবন। এখানেই সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে
—দৈনিক বাংলা